# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৯]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইলম শিক্ষা করা এবং শিক্ষা দেয়ার ফজীলত

باب فَضْلِ مَنْ عَلِمَ وَعَلَّمَ

আরবী

□□ـ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ قَالَ مَثَلُ مَا بَعَثَنِي اللَّهُ بِهِ مِنَ الْهُدَى وَالْعِلْمِ كَمَثَلِ الْغَيْثِ الْكَثِيرِ أَصَابَ أَرْضًا، فَكَانَ مِنْهَا نَقِيَّةٌ، قَبِلَتِ الْمَاءَ، فَأَنْبَتَتِ الْكَلأَ وَالْعُشْبَ الْكَثِيرَ، وَكَانَتْ مِنْهَا أَجَادِبُ، أَمْسَكَتِ الْمَاءَ، فَنَفَعَ اللَّهُ بِهَا النَّاسَ، فَشَرِبُوا وَسَقَوْا وَزَرَعُوا، وَأَصَابَتْ مِنْهَا طَائِفَةً أُخْرَى، إِنَّمَا هِيَ قِيعَانٌ لا تُمْسِكُ مَاءً وَلا تُنْبِتُ كَلأً، فَذَلِكَ مَثَلُ مَنْ فَقُهَ فِي دِينِ اللَّهِ وَنَفَعَهُ مَا بَعَثَنِي اللَّهُ بِهِ فَعَلِمَ وَعَلَّمَ، وَمَثَلُ مَنْ لَمْ يَرْفَعْ بِذَلِكَ رَأْسًا وَلَمْ يَقْبَلْ هُدَى اللَّهِ الَّذِي أُرْسِلْتُ بِهِ. (بخارى:□□

বাংলা

৭০) আবু মুসা আশআরী (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ আল্লাহ আমাকে যে হেদায়াত এবং ইলম দিয়ে পাঠিয়েছেন তার উদাহরণ হল ঐ বৃষ্টির ন্যায় যা কোন যমীনে বর্ষিত হল। উক্ত যমীনের কিছু অংশ ছিল খুবই ভাল ও উর্বর। সে যমীন পানি ধারণ করে প্রচুর ঘাস, তৃণলতা ও শাক-সব্জি উৎপন্ন করল। যমীনের অন্য অংশ ছিল খুবই শক্ত। তা পানি ধারণ করে রাখল। উহা দ্বারা আল্লাহ মানুষের উপকার করলেন। মানুষেরা তা পান করল, চতুষ্পদ জন্তুকে পান করালো এবং চাষাবাদও করল। সেই বৃষ্টির কিছু পানি যমীনের এমন এক অংশে পতিত হল, যা ছিল মসৃণ পাথরযুক্ত সমতল ময়দান। সে পানি ধরে রাখতে পারেনা এবং কোন তৃণলতাও উৎপন্ন করতে পারেনা।

সুতরাং এটিই হল ঐ ব্যক্তির উদাহরণ যে আল্লাহর দ্বীন বুঝতে সক্ষম হয়েছে এবং আমাকে আল্লাহ যে হেদায়াত দিয়ে পাঠিয়েছেন তা দ্বারা উপকৃত হয়েছে। তাই সে নিজে উহা শিক্ষা করেছে এবং অপরকে শিক্ষা দিয়েছে। আবার ঐ ব্যক্তির উদাহরণ, যে দ্বীনী জ্ঞান শিক্ষা অর্জনের জন্য চেষ্টা করেনি এবং আমাকে আল্লাহ যে হেদায়াত দিয়ে পাঠিয়েছেন তা কবুলও করেনি।

## English

The superiority of a person who learns (Islam, becomes a religious scholar) and then teaches it to others

Narrated Abu Musa:

The Prophet (ﷺ) said, "The example of guidance and knowledge with which Allah has sent me is like abundant rain falling on the earth, some of which was fertile soil that absorbed rain water and brought forth vegetation and grass in abundance. (And) another portion of it was hard and held the rain water and Allah benefited the people with it and they utilized it for drinking, making their animals drink from it and for irrigation of the land for cultivation. (And) a portion of it was barren which could neither hold the water nor bring forth vegetation (then that land gave no benefits). The first is the example of the person who comprehends Allah's religion and gets benefit (from the knowledge) which Allah has revealed through me (the Prophets and learns and then teaches others. The last example is that of a person who does not care for it and does not take Allah's guidance revealed through me (He is like that barren land.)"

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৯
ইসলামিক সেন্টারঃ ৭৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88765

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন